

প্রতিদিনই নতুন নতুন প্রযুক্তির সাথে সাধারণ মানুষ যুক্ত হচ্ছে। বলা যায়, তথ্যপ্রযুক্তির ব্যাপক উন্নয়নের কারণে তথ্যপ্রযুক্তিবিষয়ক পেশা বর্তমান তরুণ প্রজন্মের কাছে দিন দিন খুবই জনপ্রিয় হয়ে উঠছে। তথ্যপ্রযুক্তিবিষয়ক পেশাগুলোর মাঝে অন্যতম একটি হচ্ছে আইটি ম্যানেজার। এ লেখায় মূলত আলোচনা করে হয়েছে নিজেকে আইটি ম্যানেজার হিসেবে তৈরি করার বিষয় নিয়ে।

আইটি ম্যানেজার

ম্যানেজার শব্দের মধ্যেই বোঝা যায়, প্রযুক্তিপণ্য থেকে শুরু করে আইটির বিভিন্ন সেবার পরিচালনা করাই একজন আইটি ম্যানেজারের কাজ। গতানুগতিক পেশার মতো পেশা এটি মোটেও নয়। এ পেশায় অনেক চ্যালেঞ্জ নিতে হয়, সামলাতে হয় অনেক জটিল বিষয়। প্রতিদিনের বদলে যাওয়া প্রযুক্তির সাথে নিজেকে আপডেট রাখতে হয় সবসময়। অনেকগুলো কাজ একসাথে করার মানসিকতা থাকতে হয়, সাথে থাকতে হয় ঠাণ্ডা মাথায় সমস্যা সমাধানের মানসিকতা। একজন মানুষ একটু চেষ্টা করলেই সফটওয়্যার ডেভেলপার, ডাটাবেজ অ্যাডমিন, ওয়েব ডেভেলপার, অ্যানিমেটর বা কমপিউটার সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর হতে পারবে, কিন্তু আইটি ম্যানেজার হতে তাকে অনেক বেশি সময় দিতে হবে। এ ক্ষেত্রে পেশায় সফল হওয়ার নজির রয়েছে অনেক।

দায়িত্বসমূহ

- প্রতিষ্ঠানে ব্যবহার হওয়া সিস্টেমগুলো যেগুলো চলমান তা চালু রাখার ব্যবস্থা করা, সীমিত পরিমাণ যে রিসোর্সগুলো আছে তা কর্মচারীদের সম্ভাব্য সর্বোচ্চ সেবা নিশ্চিত ও প্রদান করা।
- প্রতিদিনের ব্যবস্থাপনার সিস্টেম চাহিদা অনুযায়ী সময়ের মধ্যে দেয়া।
- বিদ্যমান অ্যাপ্লিকেশন ও প্রজেক্টগুলোর উন্নয়ন ও কীভাবে তা আরও বেশি কার্যকর করা যায় তার ব্যবস্থা করা।
- বিক্রোতা ও ঠিকাদারদের সাথে সুসম্পর্ক স্থাপন করা যাতে সিস্টেমের সব সার্ভিস সঠিকভাবে চলতে পারে।
- ম্যানেজার বা প্রতিষ্ঠানের প্রধানের কাছে নিয়মিত রিপোর্ট দেয়া।
- প্রতিবছর বা বছরে দুইবার সিস্টেম প্র্যান তৈরি করা।
- প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যবসায়িক সক্ষমতা এবং উন্নতির জন্য সুযোগ শনাক্তকরণ।
- ডকুমেন্টেশন তৈরি এবং রক্ষণাবেক্ষণ করা, সেই সাথে প্রতিষ্ঠানের কৌশল অনুযায়ী তা বাস্তবায়ন করা।
- প্রতিষ্ঠানের সফটওয়্যার, অটোমেশন, কনফিগারেশন ম্যানেজমেন্ট, সম্পদ ব্যবস্থাপনা এবং কর্মক্ষমতা নিরীক্ষণের জন্য গাইডলাইন তৈরি এবং বাস্তবায়ন করা।
- নতুন কর্মীদের আইটি বিষয়ে জ্ঞানদান এবং প্রতিষ্ঠানের সিস্টেম সম্পর্কে ধারণা দেয়া।



আইটি ম্যানেজার যখন পেশা

মো: আতিকুজ্জামান লিমন

অভিজ্ঞতা

- প্রজেক্ট ম্যানেজমেন্টে অভিজ্ঞতা থাকতে হবে, সাথে সময় এবং বাজেটের মধ্যে কাজ শেষ করার ক্ষমতা থাকতে হবে যা কি না স্টেকহোল্ডার নির্ধারণ করবে।
- নিজে নিজে কাজ করার ক্ষমতা ও স্বাধীনভাবে এবং একাধিক কাজ একসাথে করার অভিজ্ঞতা থাকতে হবে।
- প্রশাসন, ভেতরের এবং বাইরের সহকর্মীদের সাথে যোগাযোগের জন্য লিখিত এবং মৌখিক সব স্তরে দক্ষ হতে হবে।
- দ্রুত বিন্যস্ত, গতিশীল কাজের পরিবেশ তৈরি এবং ডায়নামিক চিন্তা করা।
- প্রতিষ্ঠানের আইটিবিষয়ক সমস্যা সমাধানে বৈচিত্র্যপূর্ণ মতামত দেয়ার সক্ষমতা এবং ক্রিয়েটিভ চিন্তা, স্বচ্ছতা এবং টিমের নেতৃত্বে সমর্থ।

আবশ্যিক বিষয়গুলো

- ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী।
- আইটি অপারেশনে বা পরিচালনায় ৫-৭ বছরের অভিজ্ঞতা বা তার চেয়ে বেশি।
- বর্তমান নেটওয়ার্ক, পিসি অপারেটিং সিস্টেম, হার্ডওয়্যার, প্রটোকল এবং বিভিন্ন স্ট্যান্ডার্ড সম্পর্কে ভালো ধারণা।
- প্রকল্প ব্যবস্থাপনার স্বীকৃত প্রমাণপত্র।
- আইটি সিস্টেম ম্যানেজমেন্ট, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেটর, প্রোগ্রামার/সফটওয়্যার ইঞ্জিনিয়ার, প্রজেক্ট ম্যানেজার (আইটি সিস্টেম)- এই ক্ষেত্রগুলোতে অভিজ্ঞতা থাকতে হবে।
- পুরো প্রকল্প পরিচালনার অভিজ্ঞতা-ব্যবসায় কনসালট্যান্সি, প্রকল্প পরিকল্পনা তৈরির অভিজ্ঞতা।
- জটিল সমস্যা সমাধানের দক্ষতা, অগ্রাধিকারভিত্তিক কাজ করা, ঝুঁকি কমিয়ে টিমের নেতৃত্ব দেয়ার অভিজ্ঞতা।

- স্টেকহোল্ডারদের সাথে কাজের চমৎকার ব্যবস্থাপনার বাণিজ্যিক অন্তর্দৃষ্টি।
- ম্যাক্রোস্ক এনভায়রনমেন্ট প্রকল্প পরিচালনা ও কাজের অভিজ্ঞতা।
- প্রযুক্তি ব্যবহার করে প্রকল্প পরিচালনা করার অভিজ্ঞতা।
- আলোচনা করে প্রজেক্টের প্রয়োজনীয়তা, সুযোগ, খরচের বিষয়ে ধারণা থাকা।
- স্বপ্রণোদিত এবং উৎসাহী।

পারিশ্রমিক

আইটি ম্যানেজার পদের নির্ধারিত কোনো পারিশ্রমিক বলা খুব কঠিন। প্রতিষ্ঠানভেদে তা নির্ভর করবে। বর্তমান সময়ে এই পেশার বেশি কদর আছে বলে ভালো পারিশ্রমিক দিয়েই একজন আইটি ম্যানেজার নিয়োগ করা হয়। তাই প্রতিষ্ঠানগুলো নিয়োগের সময় বেশ সময় নিয়েই যাচাই-বাছাই করে নিয়োগ করে থাকে।

এখনকার প্রতিটি প্রতিষ্ঠানেই একজন আইটি ম্যানেজার থাকেন। অনেকে মনে করে, আইটি প্রতিষ্ঠানেই শুধু আইটি ম্যানেজার থাকে, কিন্তু তা নয়। এখন ভালোমানের যেকোনো প্রতিষ্ঠানেই প্রয়োজন হয় একজন আইটি ম্যানেজার। আইটি বিভাগের তদারকির জন্য নিয়োগ করা হয় তাকে। দিনে দিনে যেহেতু প্রতিষ্ঠানগুলো প্রযুক্তিনির্ভর হয়ে উঠছে, তাই স্বাভাবিকভাবেই প্রতিটি প্রতিষ্ঠানেই এই পেশার চাহিদা বাড়ছে। একটি প্রতিষ্ঠানের সার্বিক বিষয়গুলো এই বিভাগের ওপর নির্ভর করে। একজন আইটি ম্যানেজারের কাজের নির্দিষ্ট কোনো পরিধি নেই। প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে নিজেকে আপডেট করতে হয়। বর্তমানে সিকিউরিটি বিষয়টি খুব ভালোভাবে দেখতে হয় একজন আইটি ম্যানেজারকে। লেনদেন থেকে শুরু করে সবকিছু প্রযুক্তিনির্ভর হওয়ায় আইটি ম্যানেজারকে খুব সতর্কতার সাথে কাজ করতে হয়।

ফিডব্যাক : infolimon@gmail.com